



উত্তরা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক
মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জনসংযোগ বিভাগ

২০১৮ সালের দেয়াল ও ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণের দরপত্র বিজ্ঞপ্তি

উত্তরা ব্যাংক লিমিটেড-এর ২০১৮ সালের দেয়াল ও ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণ, বাঁধাই ও সরবরাহের জন্য ব্যাংক বা অনুরূপ বৃহদাকার প্রতিষ্ঠানের উল্লেখিত কাজে পারদর্শী দেশের প্রথম শ্রেণীর মুদ্রণ প্রতিষ্ঠান সমূহের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে। হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ভ্যাট নিবন্ধন পত্র, টিআইএন সার্টিফিকেট এবং ব্যাংক বা অনুরূপ বৃহদাকার প্রতিষ্ঠানের ক্যালেন্ডার মুদ্রণের সনদপত্র প্রদর্শন করে আগামী ২৯ অক্টোবর, ২০১৭ (রবিবার) পর্যন্ত অফিস চলাকালীন সময়ে অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার বিনিময়ে বিস্তারিত সিডিউল ব্যাংকের জনসংযোগ বিভাগ (লেবেল-৪) থেকে সংগ্রহ করা যাবে।

দরপত্র সমূহ আগামী ৩০ অক্টোবর, ২০১৭ (সোমবার) বেলা ০২টা ৩০ মিনিটের মধ্যে ব্যাংকের জনসংযোগ বিভাগে সংরক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই বেলা ০৩টায় উপস্থিত দরপত্রদাতাদের (যদি কেউ উপস্থিত থাকেন) সামনে খোলা হবে।

ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই সকল দরপত্র অথবা যে কোন দরপত্র বা উহার অংশ বিশেষ পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্যের জন্য ব্যাংকের জনসংযোগ বিভাগের সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।

চেয়ারম্যান
টেন্ডার কমিটি